



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২১ নভেম্বর, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২১ নভেম্বর, ২০১৮ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট -এ বিশিষ্ট শিল্পপতি, সমাজসেবী, জনদরদী, শিক্ষানুরাগী ও দাতা জনাব আব্দুল কাদির মোল্লার সাথে বিকাল ৫ টায় বিশ্ববিদ্যালয় সিনেট কক্ষে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের নেতৃত্বে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সভাপতিত্বে জনাব আব্দুল কাদির মোল্লা সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, বাংলাদেশের অন্যতম সেরা একটি বিশ্ববিদ্যালয়ে গুণীজনদের মাঝে উপস্থিত হতে পেরে আমি আজ বড় গর্ববোধ করছি। বিশ্বায়নের এই যুগে কার্যকরী শিল্পায়নের জন্য বিশ্ববিদ্যালয়ের সাথে আমার শিল্প প্রতিষ্ঠানের সমঝোতা চুক্তি অতি শীঘ্রই করা হবে। আমার এ বিশ্ববিদ্যালয়ে আগমনের স্মৃতির স্বাক্ষর স্বরূপ শিক্ষকদের জন্য তিনটি এসি বাস, নিজ দায়িত্বে একটি মসজিদ এবং ছাত্রদের জন্য নির্দিষ্ট সংখ্যক বাস প্রদানের জন্য প্রত্যয় ব্যক্ত করছি।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ সভাপতির বক্তব্যে বলেন, শত ব্যস্ততার মধ্যেও আমাদের মাঝে উপস্থিত হওয়ার জন্য আপনাকে অশেষ ধন্যবাদ। শিক্ষাক্ষেত্রে আপনার অবদান সর্বজন বিদিত। বিশ্ববিদ্যালয়ের জন্য আপনার উপহার আমরা বিশ্ববিদ্যালয় পরিবার স্বাদরে গ্রহণ করবো।

মতবিনিময় সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর সৈয়দ হাসানুজ্জান, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর জহীর উদ্দিন আহমদ, ছাত্র-উপদেশ ও নির্দেশনা পরিচালক ড. মো. রাশেদ তালুকদার, স্কুল অব সোস্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. আবদুল গনি, স্কুল অব লাইফ সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. শামসুল হক প্রধান, স্কুল অব এপ্লাইড সায়েন্সের ডিন প্রফেসর ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেস, স্কুল অব ম্যানেজমেন্ট এন্ড বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের ডিন প্রফেসর মোসাদ্দেক আহমেদ চৌধুরী, প্রফেসর ড. মো. কবির হোসেন, প্রফেসর ড. সৈয়দ সামসুল আলম, প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, প্রফেসর ড. এসএম সাইফুল ইসলাম, প্রভোস্ট প্রফেসর আমিনা পারভীন, কাদের মোল্লা সিটি কলেজের অধ্যক্ষ ড. মশিউর রহমান মৃধা প্রমুখ।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার